

💵 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ যাদুর দ্বিতীয় প্রকার রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

আসক্তকারী যাদুর এক উদাহরণ

এক ব্যক্তি আমার কাছে এসে বলতে লাগল, প্রথম অবস্থায় আমি আমার স্ত্রীর সাথে স্বাভাবিক জীবন -যাপন করতাম। এখন জানি না কি হয়ে গেল স্ত্রী থেকে দূরে থাকতে পারি না। কাজের সময়ও তারই ধ্যান চলে আসে। কাজ শেষ হলে দ্রুত স্ত্রীর কাছে পৌছার জন্যে তৎপর থাকি। যদি মেহমানদের মাঝে বসে থাকি তবুও বার বার তাদেরকে রেখে স্ত্রীর কাছে চলে যাই। সব সময় আমি তার পিছনেই থাকি। বুঝে আসছে না আমার কি হয়ে গেল। তাকে ছাড়া আমি আর টিকতে পারছি না। সেই যেন আমাকে এখন পরিচালনা করছে। সে যদি রান্না ঘরে যায় আমি তার পিছে, সে যদি শয়ন কক্ষে যায় আমি তার পিছে পিছে, আমি তার পিছে পিছে সে যখন ঝাড় দেয়। জানি না আমার কি হয়ে গেছে। সে যখন কোন কিছুর আবদার করে সঙ্গে সঙ্গেই তা আমি পূরণ করে দেই।

এসব কথা শোনার পর আমি উল্লেখিত আয়াত পড়ে পানিতে ফু দিয়ে দিলাম আর তাকে দিয়ে বললাম, তিন সপ্তাহ পর্যন্ত পানি পান করবে এবং তা দিয়ে গোসল করবে। আর তিন সপ্তাহ পর আমার কাছে আসতে বললাম এবং সাবধান করলাম যে, তার স্ত্রী যেন জানতে না পারে। সে এমনটিই করল এবং সে বলল যে সে সুস্থ হয়ে যাচ্ছে তবে কিছু লক্ষণ এখনো আছে। আমি তার জন্য দ্বিতীয়বার সেই চিকিৎসাই করলাম। আলহামদুলিল্লাহ এসব আল্লাহ তায়ালার করুণা। আমার এর মধ্যে কোন কর্তৃত্ব নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5918

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন